রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/৪ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৬৯-আইন/২০১৩।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, "গার্মেন্টস" শিল্প সেক্টরের, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীর জন্য, "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিলদ্বয়ে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে ঘোষণা করিল, যথা:—



মূল্য : টাকা ১২.০০

## তফসিল "ক"

### শ্রমিক মজুরী

মাস ঃ ২৬ দিন (২০৮ ঘন্টা)

দিন ঃ ৮ ঘন্টা (আহার ও বিশ্রামের বিরতি ব্যতীত একজন শ্রমিকের কর্ম ঘন্টা)

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী (টাকা) | বাৎসরিক মজুরী বৃদ্ধির হার | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৪০% ) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | **গ্রেড-১:**<br>১। প্যাটার্ন মাস্টার<br>২। চীফ কোয়ালিটি কন্ট্রোলার<br>৩। চীফ কাটিং মাস্টার/ কাটিং চীফ<br>৪। চীফ মেকানিক | ৮,৫০০/- | ৫% | ৩,৪০০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ১৩,০০০/- |
| ২। | **গ্রেড-২:**<br>১। মেকানিক/ ইলেকট্রিশিয়ান<br>২। কাটিং মাস্টার | ৭,০০০/- | ৫% | ২,৮০০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ১০,৯০০/- |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। স্যাম্পল মেশিনিস্ট<br>২। মেকানিক<br>৩। সিনিয়র সেলাই মেশিন অপারেটর<br>৪। সিনিয়র উইনডিং মেশিন অপারেটর<br>৫। সিনিয়র নিটিং মেশিন অপারেটর<br>৬। সিনিয়র লিঙ্কিং মেশিন অপারেটর | ৪,০৭৫/- | ৫% | ১,৬৩০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৬,৮০৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৭। সিনিয়র কাটার<br>৮। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর<br>৯। সিনিয়র মার্কার/সিনিয়র ড্রইংম্যান/ সিনিয়র ড্রইং ওম্যান<br>১০। সিনিয়র লাইন লিডার<br>১১। সিনিয়র ওভারলক মেশিন অপারেটর<br>১২। সিনিয়র বাটন মেশিন অপারেটর<br>১৩। সিনিয়র কাঞ্চাই মেশিন অপারেটর | ৪,০৭৫/- | ৫% | ১,৬৩০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৬,৮০৫/- |
| ৪। | গ্রেড-৪:<br>১। সেলাই মেশিন অপারেটর<br>২। উইনডিং মেশিন অপারেটর<br>৩। নিটিং মেশিন অপারেটর<br>৪। লিঙ্কিং মেশিন অপারেটর<br>৫। মার্কার/ড্রইংম্যান/ ড্রইংওম্যান<br>৬। কাটার<br>৭। মেন্ডিং অপারেটর<br>৮। প্রেসিংম্যান/প্রেসিংওম্যান/ফিনিসিং আয়রণম্যান/ফিনিসিং আয়রণওম্যান<br>৯। ফোল্ডার (ফিনিশিং সেকশন)<br>১০। প্যাকার | ৩,৮০০/- | ৫% | ১,৫২০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৬,৪২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ১১। কোয়ালিটি ইন্সপেক্টর<br>১২। ওভারলক মেশিন অপারেটর<br>১৩। বাটন মেশিন অপারেটর<br>১৪। কাঞ্চাই মেশিন অপারেটর<br>১৫। পলিম্যান/পলি ওম্যান<br>১৬। প্যাকিং ম্যান/প্যাকিং ওম্যান<br>১৭। লাইন লিডার | ৩,৮০০/- | ৫% | ১,৫২০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৬,৪২০/- |
| ৫। | **গ্রেড-৫:**<br>১। জুনিয়র সেলাই মেশিন অপারেটর<br>২। জুনিয়র উইনডিং মেশিন অপারেটর<br>৩। জুনিয়র নিটিং মেশিন অপারেটর<br>৪। জুনিয়র লিঙ্কিং মেশিন অপারেটর<br>৫। জুনিয়র মার্কার/জুনিয়র ড্রইংম্যান/ জুনিয়র ড্রইং ওম্যান<br>৬। জুনিয়র কাটার<br>৭। জুনিয়র মেন্ডিং অপারেটর<br>৮। জুনিয়র প্রেসিংম্যান/জুনিয়র প্রেসিংওম্যান/ জুনিয়র ফিনিসিং আয়রণম্যান/ জুনিয়র ফিনিসিং আয়রণওম্যান<br>৯। ফোল্ডার (ফিনিশিং সেকশন) | ৩,৫৩০/- | ৫% | ১,৪১২/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৬,০৪২/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ১০। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>১১। জুনিয়র প্যাকার<br>১২। জুনিয়র ওভারলক মেশিন অপারেটর<br>১৩। জুনিয়র বাটন মেশিন অপারেটর<br>১৪। জুনিয়র কাঞ্চাই মেশিন অপারেটর | ৩,৫৩০/- | ৫% | ১,৪১২/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৬,০৪২/- |
| ৬। | **গ্রেড-৬:**<br>১। সাধারণ সেলাই মেশিন অপারেটর<br>২। সাধারণ উইনডিং মেশিন অপারেটর<br>৩। সাধারণ নিটিং মেশিন অপারেটর<br>৪। সাধারণ লিঙ্কিং মেশিন অপারেটর<br>৫। সাধারণ মেন্ডিং অপারেটর<br>৬। সাধারণ ফিউজিং মেশিন অপারেটর<br>৭। সাধারণ কালার টার্নিং মেশিন অপারেটর<br>৮। সাধারণ ওভারলক মেশিন অপারেটর<br>৯। সাধারণ বাটন মেশিন অপারেটর<br>১০। সাধারণ কাঞ্চাই মেশিন অপারেটর | ৩,২৭০/- | ৫% | ১,৩০৮/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৫,৬৭৮/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭। | **গ্রেড-৭:**<br>১। সহকারী সেলাই মেশিন অপারেটর<br>২। সহকারী উইনডিং মেশিন অপারেটর<br>৩। সহকারী নিটিং মেশিন অপারেটর<br>৪। সহকারী লিঙ্কিং মেশিন অপারেটর<br>৫। সহকারী মেন্ডিং অপারেটর<br>৬। সহকারী কাটার<br>৭। সহকারী মার্কার/সহকারী ড্রইংম্যান/ সহকারী ড্রইং ওম্যান<br>৮। পকেট ক্রিজিং মেশিন অপারেটর/ ক্রিজিং ম্যান/ক্রিজিং ওম্যান<br>৯। লাইন আয়রণম্যান/ লাইন আয়রণ ওম্যান<br>১০। সহকারী ড্রাই ওয়াশিং ম্যান/ সহকারী ড্রাই ওয়াশিং ওম্যান<br>১১। ওভারলক মেশিন সহকারী<br>১২। বাটন মেশিন সহকারী<br>১৩। কাঞ্চাই মেশিন সহকারী<br>১৪। ফিনিসিং সহকারী | ৩,০০০/- | ৫% | ১,২০০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৫,৩০০/- |
| ৮। | **শিক্ষানবিস :**<br>(ক) শিক্ষানবিসীকাল হইবে ৩ (তিন) মাস।<br>(খ) শিক্ষানবিসীকালীন শিক্ষানবিস শ্রমিক প্রশিক্ষণ ভাতা হিসাবে মাসিক সর্বসাকুল্যে ৪,১৮০ (চার হাজার একশত আশি) (মূল মজুরী ২;২০০/- বাড়ীভাড়া মূল মজুরীর ৪০% হারে ৮৮০, চিকিৎসা ভাতা ২৫০, যাতায়াত ভাতা-২০০, খাদ্য ভাতা ৬৫০) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) একজন শ্রমিকের শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবে। | | | | | | | |

## তফসিল "খ"
## কর্মচারী মজুরী

মাস ঃ ২৬ দিন (২০৮ ঘন্টা)

দিন : ৮ ঘন্টা (আহার ও বিশ্রামের বিরতি ব্যতীত একজন কর্মচারীর কর্ম ঘন্টা)

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল বেতন (টাকা) | বাৎসরিক বেতন বৃদ্ধির হার | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল বেতনের ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | **গ্রেড-১:**<br>১। স্টোর কিপার | ৬,৫০০/- | ৫% | ২৬০০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ১০,২০০/- |
| ২। | **গ্রেড-২:**<br>১। হিসাব সহকারী<br>২। স্টোর সহকারী<br>৩। ক্যাশিয়ার<br>৪। ইমপোর্ট সহকারী/এক্সপোর্টিং সহকারী<br>৫। কম্পিউটার অপারেটর | ৫,০০০/- | ৫% | ২০০০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৮,১০০/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। টাইপিস্ট<br>২। ক্লার্ক/অফিস সহকারী<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। টাইম কিপার<br>৫। কেয়ার টেকার<br>৬। সিকিউরিটি গার্ড<br>৭। ড্রাইভার<br>৮। ক্যাশ সহকারী | ৪,৫০০/- | ৫% | ১৮০০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৭,৪০০/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। পিয়ন<br>২। দারোয়ান/চেকার<br>৩। কুক<br>৪। সুইপার | ৩,২৫০/- | ৫% | ১৩০০/- | ২৫০/- | ২০০/- | ৬৫০/- | ৫,৬৫০/- |
| ৫। | **শিক্ষানবিস :**<br>(ক) শিক্ষানবিসীকাল হইবে ৬ (ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিসকালীন শিক্ষানবিস কর্মচারী প্রশিক্ষণ ভাতা হিসাবে মাসিক সর্বসাকুল্যে ৪,৩২০/-(চার হাজার তিনশত বিশ) (মূল বেতন ২,৩০০/-, বাড়ীভাড়া মূল বেতনের ৪০% হারে ৯২০/-, চিকিৎসা ভাতা ২৫০/-, যাতায়াত ভাতা-২০০/-, খাদ্য ভাতা ৬৫০/-) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | | |

**শর্তাবলী :**

(১) উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিক ও কর্মচারীদের পদবী, কাজের ধরণ ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা, ইত্যাদি বিবেচনাক্রমে ––

(ক) শ্রমিকদের তফসিল "ক" তে উল্লিখিত যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩, গ্রেড-৪, গ্রেড-৫, গ্রেড-৬ ও গ্রেড-৭ এই ৭ (সাত) শ্রেণীতে; এবং

(খ) কর্মচারীদের তফসিল "খ" তে উল্লিখিত যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩ ও গ্রেড-৪ এই ৪ (চার) শ্রেণীতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণীবিভাগ করিতে হইবে।

(২) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক এবং কর্মচারীদের ক্ষেত্রে তফসিলের বিভিন্ন কলামে মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতা নির্ধারিত হইবে, যাহা বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "গার্মেন্টস" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(৩) উক্ত শিল্প সেক্টরের তফসিল "ক" ও "খ" তে উল্লিখিত যথাক্রমে শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাদিগকে মূল্যাভিষিক্ত করিয়া তাহাদের স্ব স্ব মজুরী নির্ধারণ করিয়া বর্তমান প্রাপ্ত মজুরীর সহিত সুপারিশকৃত বর্ধিত মজুরী যোগ করিয়া তাহাদের মজুরী নির্ধারণ করিতে হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

(৪) এই প্রজ্ঞাপন জারীর পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিল "ক" ও "খ" তে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করতঃ মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৫) তফসিল "ক" ও "খ" তে উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

(৬) নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা কর্মচারীকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৭) উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক ও কর্মচারীও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিক ও কর্মচারীদের জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

(৮) শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একই রূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৯) উক্ত শিল্প সেক্টরের মালিক যদি সুয়েটারসহ অন্যান্য গার্মেন্টস কারখানার শ্রমিকগণকে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিল "ক" তে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন। সোয়েটারসহ অন্যান্য "গার্মেন্টস" শিল্প কারখানায় ফুরণভিত্তিক (Piece Rate) মজুরীতে কর্মরত শ্রমিকগণও বাৎসরিক ভিত্তিতে মূল মজুরীর ৫% হারে মজুরী বৃদ্ধির সুবিধা পাইবেন।

(১০) তফসিল "ক" ও "খ" তে উল্লিখিত নিম্নতম মজুরী ও ভাতাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৪৯ ও ৩৩৬ মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

**প্রান্তিক সুবিধাদি :**

(১) বাৎসরিক মজুরী বৃদ্ধি :

(অ) মূল মজুরীর ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরী বৃদ্ধি পাইবে;

(আ) পরবর্তী বছর এই বৃদ্ধি ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা :** যদি একজন শ্রমিকের মূল মজুরী ৩,০০০/- (তিন হাজার) টাকা হয়, তবে এক বছর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৩,১৫০/- (তিন হাজার একশত পঞ্চাশ) টাক নির্ধারিত হইবে। পরবর্তী বছরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরী ৩,১৫০/- (তিন হাজার একশত পঞ্চাশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৩,৩০৭/৫০ (তিন হাজার তিনশত সাত টাকা/৫০ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

(২) **খাদ্য ভাতা :**

(৩) প্রতিদিন ২৫/-(পঁচিশ) টাকা হারে মাসে মোট ২৬ (ছাব্বিশ) কর্মদিবসে মাসিক ভিত্তিতে ৬৫০/- (ছয়শত পঞ্চাশ) টাকা খাদ্য ভাতা হিসাবে প্রদেয় হইবে;

(৪) ইতোমধ্যে যে সকল শিল্প প্রতিষ্ঠান অধিক হারে খাদ্য ভাতা প্রদান করিতেছে তাহার পরিমাণ হ্রাস করা যাইবে না।

**ব্যাখ্যা :**

(১) যদি কোন প্রতিষ্ঠান ইতোমধ্যে খাদ্য ভাতা হিসেবে ৭০০/-(সাতশত) টাকা প্রদান করিয়া থাকে তবে সেই প্রতিষ্ঠানকে প্রকাশিত তফসিল অনুযায়ী ৬৫০/-(ছয়শত পঞ্চাশ) টাকা খাদ্য ভাতা হিসাবে প্রদান করিতে হইবে এবং অবশিষ্ট ৫০/-(পঞ্চাশ) টাকা অতিরিক্ত খাদ্য ভাতা হিসাবে সংযুক্ত করিয়া সর্বমোট ৭০০/- (সাতশত) টাকা খাদ্য ভাতা প্রদান করিতে হইবে;

(২) যে সকল প্রতিষ্ঠান খাদ্য ভাতা মাসিক ৬৫০/- (ছয়শত পঞ্চাশ) টাকার কম প্রদান করিতেছে বা আদৌ প্রদান করিতেছে না, সেই সকল প্রতিষ্ঠানের মালিকগণ প্রকাশিত তফসিল অনুযায়ী ৬৫০/-(ছয়শত পঞ্চাশ) টাকা খাদ্য ভাতা প্রদান করিতে বাধ্য থাকিবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরী ও অন্যান্য ভাতাদির হার ১৭ অগ্রহায়ণ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০১ ডিসেম্বর, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মহিউদ্দিন আহমেদ খান**
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd